

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৭৯৩

৫৩. সালাম সম্পর্কিত অধ্যায় (کتاب السلام) পরিচ্ছেদঃ ৩. সালাম সম্বন্ধীয় বিভিন্ন হাদীস

باب جَامِع السَّلَام

আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ رَجُلًا سَلَّمَ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ فَقَالَ السَّلَامُ عَلَيْكَ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ وَالْغَادِيَاتُ وَالرَّائِحَاتُ فَقَالَ لَهُ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ وَعَلَيْكَ أَلْفًا ثُمَّ كَأَنَّهُ كَرِهَ ذَلِكَ

বাংলা

রেওয়ায়ত ৭. ইয়াহইয়া ইবনে সাঈদ (রহঃ) বলেন, এক ব্যক্তি আবদুল্লাহ ইবনে উমরকে এই বলিয়া সালাম করিল, "আসসালামু আলাইকা ওয়া রাহমতুল্লাহি ওয়া বরকাতুহু ওয়াল গাদিয়াতু ওয়ার রায়হাতু।" (অর্থাৎ আপনার উপর শান্তি হউক, আল্লাহর রহমত এবং বরকতসমূহ ও সকালে-বিকালে আগত ও বিগত নিয়ামতরাশি)। এতদুত্তরে আবদুল্লাহ ইবনে উমর (রাঃ) বলিলেন, "ওয়া আলাইকা আলফান" (অর্থাৎ তোমার উপর ইহার এক হাজার গুণ)। তিনি উহাকে (অর্থাৎ সেই ব্যক্তির দেয়া সালামকে) খারাপ মনে করিয়াছিলেন।"[1]

English

Yahya related to me from Malik from Yahya ibn Said that a man greeted Abdullah ibn Umar. He said, "Peace be upon you and the mercy of Allah and his barakat, on and on." Abdullah ibn Umar said to him, "And on you, a thousand times," as if he disliked that.

ফুটনোট

[1] অর্থাৎ "বরকাতুহু" পর্যন্ত সালাম শেষ হয়। অতএব উহার উপর আরও কিছু সংযোজন করা ঠিক নহে। তাই তিনি সংযোজিত শব্দদ্বয়ের কারণে উক্ত রকম সওয়াব দান করিয়াছিলেন যাহাতে তাহার অসঙুষ্টির লক্ষণ সুস্পষ্ট ছিল।



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন